



আজ বিএনপির দিনব্যাপী মতবিনিময় সভা, প্রধান অতিথি তারেক রহমান



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ের পর প্রথমবারের মতো তৃণমূল পর্যায়ের নেতাদের নিয়ে মতবিনিময় সভায় বসছে বিএনপি। শনিবার (৯ মে) সকাল ১০টায় রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি) মিলনায়তনে দিনব্যাপী এই সভা শুরু হবে।

দীর্ঘ পাঁচ মাসেরও বেশি সময় পর এই আয়োজনের মধ্য দিয়ে সাংগঠনিক কার্যক্রমে ফিরছে দলটি। সভায় প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি বা সরাসরি যুক্ত থাকবেন বিএনপির চেয়ারম্যান ও দলীয় প্রধান তারেক রহমান।

আগের দিন শুক্রবার বিকেলে সভাস্থল পরিদর্শন করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। তিনি জানান, বিএনপি ও অঙ্গসংগঠন—যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের জেলা ও মহানগর পর্যায়ের সভাপতি-সাধারণ সম্পাদকরা এতে অংশ নেবেন।

রিজভী বলেন, নির্বাচন-পরবর্তী সময়ে রাষ্ট্র পরিচালনা ও দলকে আরও গতিশীল করার লক্ষ্যেই এই সভার আয়োজন। এতে তৃণমূল নেতাদের দিকনির্দেশনা দেবেন দলীয় নেতৃত্ব। সভায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ স্থায়ী কমিটির সদস্য ও সিনিয়র নেতারাও উপস্থিত থাকবেন। সংগঠনকে আরও শক্তিশালী করা এবং মাঠপর্যায়ের কার্যক্রম জোরদার করাই মূল লক্ষ্য।

মতবিনিময় সভায় দেশের বিভিন্ন জেলার নেতারা মতামত তুলে ধরবেন। পাশাপাশি সরকারের সাম্প্রতিক কার্যক্রম ও রাজনৈতিক পরিস্থিতি নিয়েও আলোচনা হবে।